# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৬. ইলম উঠে যাওয়া সম্পর্কে

## بَابٌ فِي ذَهَابِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَسْعَدَ، حَدَّثَنَا أَبُو بَكْرٍ، عَنْ عَاصِمٍ، عَنْ أَبِي وَائِلٍ، قَالَ: قَالَ حُذَيْفَةُ رَضِيَ اللَّهُ عَنْهُ: «أَتَدْرِي كَيْفَ يُنْقَصُ الْعِلْمُ؟» قَالَ: قُلْتُ: كَمَا يُنْفَضُ الثَّوْبُ، وَكَمَا يَقْسُو الدِّرْهَمُ. قَالَ: «لَا»، وَإِنَّ ذَلِكَ لَمِنْهُ، قَبْضُ الْعِلْمِ: قَبْضُ الْعُلَمَاءِ

في إسناده محمد بن أسعد منكر الحديث

বাংলা

২৫০. আবু ওয়াইল থেকে বর্ণিত, হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, তোমরা জান কি, ইলম কিভাবে হ্রাস পাবে? তিনি বলেন, আমি বললাম, পোশাক যেভাবে ছোট হয়ে যায়, দিরহাম যেভাবে অচল হয়ে যায়।

তিনি বললেন, না, এর কোনটাই নয়। বরং ইলম উঠিয়ে নেওয়া হলো: আলিমদেরকে উঠিয়ে নেওয়া (মৃত্যু দান)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: (এর রাবী মুহাম্মদ ইবনু আস'আদ সম্পর্কে বিভিন্ন মুহাদ্দিসগণের মতামত আলোচনা করেছেন, কিন্তু তিনি কোন হুকুম লাগাননি। তবে পূর্বের হাদীসগুলি এর শাহিদ হওয়ায় তা সহীহ বা হাসান পর্যায়ের ইনশা আল্লাহ।- অনুবাদক)

তাখরীজ: দেখুন, মাজমাউয যাওয়াইদ (আমার তাহক্বিক্বকৃত) নং ১০০৫ এর টীকা।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69561

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন